অধ্যায় ০৩

# নৈতিক ও মানবিক গুণাবলি

## আলোচ্য বিষয়

▶ মানবিকতা ▶ পরোপকার ▶ ন্যায়-অন্যায় ▶ কুরুক্ষেত্রের যুদ্ধে ন্যায়-অন্যায় ▶ সকলের তরে সকলে আমরা।

## অধ্যায়ের মূলকথা

আমরা সমাজে বসবাস করি। সমাজে সকলে মিলেমিশে বেঁচে থাকার জন্য আমাদের মানবিক ও পরোপকারী হতে হবে। মানবিক আচরণ ও পরোপকার করলে আমরাও অন্যের কাছ থেকে মানবিক আচরণ আশা করতে পারব। মানুষ হিসেবে আমাদের অন্যায় কাজ থেকেও নিজেকে বিরত রাখতে হবে এবং ন্যায় কাজ নির্ভয়ে করে যেতে হবে। এছাড়া মানুষ মানুষে কোনো ভেদাভেদ না করে সকলের কল্যাণে কাজ করতে হবে। কাউকে হেয় করে বা কারো মনে কষ্ট দিয়ে কথা বলা উচিত নয়। প্রত্যেকে মিলেমিশে থাকতে হবে। একে অপরকে সহযোগিতা করতে হবে। মনে রাখতে হবে, "সকলের তরে সকলে আমরা প্রত্যেক আমরা পরের তরে।"

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

শিখন অভিজ্ঞতার মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

■ নৈতিক ও মানবিক গুণাবলি হিসেবে পরোপকার ও ন্যায়-অন্যায় সম্পর্কে জেনে পরোপকারের অভ্যাস গড়ে তুলতে পারব এবং ন্যায়-অন্যায় বুঝে ন্যায়ের পথে চলতে পারব।

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## প্রথম পরিচ্ছেদ : মানবিকতা

### পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** তুমি একটা ভালো/মন্দ কাজের নাম লেখো। তোমার বন্ধু ঠিক বিপরীত কাজটির নাম লিখবে। এভাবে এসো আমরা একটি ভালো-মন্দ কাজের খেলা খেলি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২৪

| ভালো কাজ | মন্দ কাজ |
|---|---|
| | |


উত্তর : আমি ও আমার বন্ধু মিলে ভালো-মন্দ কাজের খেলায় অংশগ্রহণ করি। নিচে তা দেখানো হলো :

| ভালো কাজ | মন্দ কাজ |
|---|---|
| সদা সত্য কথা বলা | মিথ্যা কথা বলা |
| অন্যের উপকার করা | অন্যের ক্ষতি করা |
| গুরুজনদের সম্মান করা | গুরুজনদের অসম্মান করা |

**কাজ ২** ছবির পাঁচটি আঙুলে পাঁচটি ভালো কাজের নাম লেখো। দেখো তোমার পাশের বন্ধুর পাঁচটি কাজের সঙ্গে তোমার কয়টি মেলে।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২৫

উত্তর : ছবির পাঁচটি আঙুলে পাঁচটি ভালো কাজের নাম লেখা হলো :



কাজ ৩ যাচাই করি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৬

তা স বা দি ত্য

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |

হ ম স তা র্মি

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |

র তা উ দা

| | | | |
|---|---|---|---|
| | | | |

উত্তর :

| | | | | |
|---|---|---|---|---|
| স | ত্য | বা | দি | তা |

| | | | | |
|---|---|---|---|---|
| স | হ | ম | র্মি | তা |

| | | | |
|---|---|---|---|
| উ | দা | র | তা |

## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

**কাজ ১** আমাদের জীবনে অনেক 'মানবিকতা' নিয়ে ঘটনা আছে যা সত্যিই অন্যকে বলার মতো। তোমার জীবনে ঘটেছে এমন কোনো 'মানবিকতা' নিয়ে ঘটনা থাকলে কিংবা অন্যের থেকে শুনেছ এমন কোনো অভিজ্ঞতা থাকলে বর্ণনা কর।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা; পাঠ্যবই, পৃষ্ঠা ২৪

**উত্তর :** আমার নাম রতন দে। আমি ষষ্ঠ শ্রেণিতে পড়ি। আমার মামাতো ভাইয়ের কাছ থেকে শোনা অপু ও পাবেলের মাঝে ঘটে যাওয়া একটি 'মানবিকতার' ঘটনা নিচে বর্ণনা করা হলো—

**অপুর মানবিকতা**

পাবেল ও অপু একই শ্রেণিতে পড়ে। পাবেলকে তার মা একটি সুন্দর রং পেন্সিল বক্স কিনে দিলেন। সে এটি বন্ধুদের দেখাতে স্কুলে নিয়ে গেল। অপু বাসায় ফিরে মাকে ঐ রকম সুন্দর একটি রং পেন্সিল বক্স কিনে দেওয়ার জন্য আবদার করল। অপুদের আর্থিক অবস্থা তেমন ভালো নয়। মা তাই কিনে দিতে আগ্রহ দেখালেন না। এতে অপুর মন খারাপ হয়ে গেল। অপু রাতে পড়তে বসেছে। ব্যাগ খুলে দেখে পাবেলের সুন্দর রং পেন্সিল বক্সটি তার ব্যাগে। সে তো আনেনি, তবে এটা কেমন করে এলো! সে মায়ের কাছে বক্স পেতে চেয়েছিল। এখন বক্সটি এভাবে পেয়ে সে অবাক হলো। তার ভালো লাগল না। পরের দিন স্কুলে গিয়ে শ্রেণিশিক্ষককে বলল ঘটনাটা। আসলে পাবেল নিজেই তাড়াহুড়ো করে বেখেয়ালবশত অপুর ব্যাগে বক্সটি ঢুকিয়ে রেখে দিয়েছিল। অপুর সততায় সবাই মুগ্ধ হলো। শ্রেণিশিক্ষক অপুকে অনেক প্রশংসা করলেন।

**কাজ ২** তুমি তোমার সহপাঠী ও বন্ধুদের সাথে কিংবা অন্যের প্রতি কীভাবে মানবিকতা প্রকাশ করতে পার তা তালিকায় উপস্থাপন কর। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা; পাঠ্যবই, পৃষ্ঠা ২৪

| |
|---|
| |

উত্তর : আমি আমার সহপাঠী ও বন্ধুদের সাথে কিংবা অন্যের প্রতি কীভাবে মানবিকতা প্রকাশ করতে পারি তা তালিকায় উপস্থাপন করা হলো :

| |
|---|
| ১. কেউ ব্যথা পেলে তাকে সাহায্য করা। |
| ২. কলম-পেন্সিল শেয়ার করা। |
| ৩. অসুস্থকে সাহায্য করা। |
| ৪. রাস্তা পার হতে সহায়তা করা। |
| ৫. দৃষ্টি প্রতিবন্ধীদের সাহায্য করা। |
| ৬. বন্ধুদের সাথে টিফিন শেয়ার করা। |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। মানুষের প্রধান গুণ হলো সরলতা।
২। সত্যবাদিতা হলো সত্য কথা বলা।
৩। নিজের উপকার করাই হলো পরোপকার।
৪। সবার সৎপথে চলা উচিত।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। সত্য।

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। মানুষের প্রধান গুণ ———।
২। একে অন্যকে শ্রদ্ধা করা হলো পারস্পরিক ———।
৩। পরের উপকার করাই হলো ———।
৪। সবার জন্য ক্ষতিকর কাজ হলো ——— কাজ।
৫। কথার সাথে মিল রেখে ——— করতে হয়।

**উত্তরমালা :** ১। মানবিকতা; ২। শ্রদ্ধাবোধ; ৩। পরোপকার; ৪। মন্দ; ৫. কাজ।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক** নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

**প্রশ্ন ১।** মানুষের প্রধান গুণ কী?
উত্তর : মানবিকতা।

**প্রশ্ন ২।** নৈতিক ও মানবিক বৈশিষ্ট্য নিয়ে কী গড়ে ওঠে?
উত্তর : মানবিকতা।

প্রশ্ন ৩। সাধারণত আমরা আমাদের বন্ধু, সহপাঠীদের সাথে কেমন আচরণ করে থাকি?

উত্তর : মানবিক।

প্রশ্ন ৪। তোমার বন্ধু বা অন্য কেউ যদি তোমার সাথে ভালো বা মানবিক আচরণ করে তখন তোমার কেমন লাগে?

উত্তর : আনন্দ।

প্রশ্ন ৫। যে সত্য কথা বলে তাকে কী বলে?

উত্তর : সত্যবাদী।

প্রশ্ন ৬। শুধু নিজের কথা না ভেবে অন্যের কথা ভাবাকে কী বলে?

উত্তর : উদারতা।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক** নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।

১। মানুষ কীভাবে বসবাস করে?
(ক) সমাজবর্জিত হয়ে (খ) একাকী
(গ) সমাজবন্ধ হয়ে (ঘ) ইচ্ছামাফিক
উত্তর : (গ) সমাজবন্ধ হয়ে।

২। সত্যবাদিতা হলো—
(ক) নিয়ম মেনে চলা (খ) সত্য কথা বলা
(গ) কার্পণ্যতা (ঘ) সহমর্মিতা
উত্তর : (খ) সত্য কথা বলা।

৩। নিচের কোনটি ভালো কাজের উদাহরণ?
(ক) পরোপকার (খ) অন্যের ক্ষতি করা
(গ) মিথ্যা বলা (ঘ) গুরুজনদের অসম্মান
উত্তর : (ক) পরোপকার।

**খ** নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

প্রশ্ন ১। কয়েকটি নৈতিক ও মানবিক গুণের নাম লেখ।

উত্তর : কয়েকটি নৈতিক ও মানবিক গুণ হলো— স্নেহ, ভালোবাসা, মায়া-মমতা, সততা, সত্যবাদিতা, পারস্পরিক শ্রদ্ধাবোধ, পরোপকার ইত্যাদি।

প্রশ্ন ২। আমরা কাদের পছন্দ করি?

উত্তর : যারা সুখে-দুঃখে অপরের পাশে থাকে। অন্যকে সহযোগিতা করে এবং ভালো-মন্দ, ন্যায়-অন্যায় বিবেচনা করে সততার সাথে কাজ করে আমরা তাদের পছন্দ করি।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**ক** নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

প্রশ্ন ১।

| | | |
|---|---|---|
| তা | স | ত |

উত্তর : সততা।

প্রশ্ন ২।

| | | | |
|---|---|---|---|
| দ্ধা | ধ | শ্র | বো |

উত্তর : শ্রদ্ধাবোধ।

প্রশ্ন ৩।

| | | | |
|---|---|---|---|
| ণা | ব | গু | লি |

উত্তর : গুণাবলি।

প্রশ্ন ৪।

| | | | | |
|---|---|---|---|---|
| ন | বি | তা | মা | ক |

উত্তর : মানবিকতা।

প্রশ্ন ৫।

| | | | | |
|---|---|---|---|---|
| প | কা | র | প | রো |

উত্তর : পরোপকার।

**খ** বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১। মানুষের প্রধান গুণ | প্রচুর অর্থের প্রয়োজন হয়। |
| ২। সমাজে বসবাসের জন্য | সত্য কথা বলা। |
| ৩। মানুষ সুখে-দুঃখে | পরের উপকার করা। |
| ৪। সত্যবাদিতা হলো | মানবিকতা। |
| ৫। পরোপকার হলো | নিজের স্বার্থকে আগে দেখা। |
| | একে অন্যকে সহযোগিতা করে। |
| | নিয়ম-নীতি পালন করতে হয়। |

উত্তরমালা :

১। মানুষের প্রধান গুণ মানবিকতা।
২। সমাজে বসবাসের জন্য নিয়ম-নীতি পালন করতে হয়।
৩। মানুষ সুখে-দুঃখে একে অন্যকে সহযোগিতা করে।
৪। সত্যবাদিতা হলো সত্য কথা বলা।
৫। পরোপকার হলো পরের উপকার করা।

**গ** নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

প্রশ্ন ১। ভালো কাজ কী? তুমি নিয়মিত কর এমন পাঁচটি ভালো কাজের নাম লেখ।

উত্তর : যে কাজগুলো করলে সবার মঙ্গল হয় তাকে ভালো কাজ বলে। আমি নিয়মিত করি এমন পাঁচটি ভালো কাজের নাম হলো—

১. গুরুজনদের সম্মান করি।
২. সহপাঠীদের সাথে মিলেমিশে চলি।
৩. সত্য কথা বলি।
৪. নিয়মিত লেখাপড়া করি।
৫. নিয়মিত প্রার্থনা করি।

প্রশ্ন ২। মন্দ কাজ কী? তুমি নিজেকে বিরত রাখ এমন পাঁচটি মন্দ কাজের নাম লেখ।

উত্তর : যে কাজ সবার জন্য ক্ষতিকর তাকে মন্দ কাজ বলে। আমি নিজেকে বিরত রাখি এমন পাঁচটি মন্দ কাজ হলো— ১. ঝগড়া করা; ২. মিথ্যা কথা বলা; ৩. গুরুজনদের অশ্রদ্ধা করা; ৪. পরনিন্দা করা; ৫. বিদ্যালয়ের বেঞ্চ বা দেয়ালে লেখালেখি করা।

## দ্বিতীয় পরিচ্ছেদ : পরোপকার

### পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** ছবিতে কী দেখা যাচ্ছে লেখো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৭



**উত্তর :** বালকের কাঁধে হাত রেখে এক বৃদ্ধ লোক রাস্তা পার হচ্ছেন। বালকটি বৃদ্ধের ব্যাগ হাতে নিয়েছে। বালিকাটিও বৃদ্ধের একটি ব্যাগ হাতে নিয়েছে। ব্যাগটি তার কাছে ভারী হলেও হাসিমুখে সেটা দুহাতে বহন করছে।



**উত্তর :** টুপি পরিহিত মহিলাটি দরিদ্র মহিলাটিকে একটি কাপড় দান করেছেন। দরিদ্র মহিলাটি খুশি হয়ে কাপড়টি তার দুহাত দিয়ে জড়িয়ে রাখলেন। এছাড়া একটি চাদর দান করেছেন এবং তাকে পরিয়ে দিচ্ছেন।



**উত্তর :** একজন অসুস্থ বৃদ্ধ লোক হাসপাতালের বেডে চিকিৎসা নিচ্ছেন। দেখে মনে হচ্ছে, ছবিতে উপস্থিত বালক-বালিকা তাকে হাসপাতালে ভর্তি করিয়েছে। তাই তারা অসুস্থ বৃদ্ধ লোকটির স্বাস্থ্যের খোঁজখবর নিচ্ছে।



**উত্তর :** একজন বৃদ্ধ লোক খুব তৃষ্ণার্ত। তিনি একজন বালকের কাছে জল চেয়েছেন। বালকটি তাকে বসতে দিয়েছে। বৃদ্ধ লোকটি বসলেন। বালকটি খুশি মনে তার জন্য এক গ্লাস জল নিয়ে এসেছে এবং তাকে পান করার জন্য দিচ্ছে।

**কাজ ২** যাচাই করি : শূন্যস্থান পূরণ কর।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৯

(ক) মহাভারতে পঞ্চপাণ্ডবের দ্বিতীয় পাণ্ডব ছিলেন ———।
(খ) কৌরবেরা ——— ভাই ছিলেন।
(গ) পরোপকারী ভীমের জন্য একটি ——— রক্ষা পেল।

**উত্তর :**

(ক) মহাভারতে পঞ্চপাণ্ডবের দ্বিতীয় পাণ্ডব ছিলেন ভীম।
(খ) কৌরবেরা একশত ভাই ছিলেন।
(গ) পরোপকারী ভীমের জন্য একটি নগর রক্ষা পেল।

### শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

**কাজ ১** পরোপকার কী? তুমি কীভাবে পরোপকার করতে পার তা একটু ভাব এবং নিচের তালিকায় উপস্থাপন কর।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা: পাঠ্যবই, পৃষ্ঠা ২৮

| | |
|---|---|
| ১. | ৫. |
| ২. | ৬. |
| ৩. | ৭. |
| ৪. | ৮. |

**উত্তর :** যে কাজ করলে অন্যের উপকার হয়, কল্যাণ হয় তাকে পরোপকার বলে।

আমি কীভাবে পরোপকার করতে পারি তা নিচে দেখানো হলো :

| | |
|---|---|
| ১. অসুস্থ ব্যক্তির সেবা করা। | ৫. শীতার্তকে গরম বস্ত্র দান করা। |
| ২. অন্যের বিপদে সাহায্য করা। | ৬. সহপাঠীদের পড়া বুঝিয়ে দেওয়া। |
| ৩. সাধ্যমতো অভাবগ্রস্তদের অর্থ সাহায্য করা। | ৭. অন্যের কাজে সহযোগিতা করা। |
| ৪. অনাহারীকে খাবার দেওয়া। | ৮. অন্ধকে রাস্তা পার হতে সাহায্য করা। |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। পরোপকারী সবসময় নিজের কথা ভাবেন।
২। পঞ্চপান্ডবরা ছয় ভাই ছিলেন।
৩। কৌরবেরা একশত ভাই ছিলেন।
৪। ভীমের জন্য একটি নগর ধ্বংস হয়েছিল।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। মিথ্যা; ৩। সত্য; ৪। মিথ্যা।

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। ——— নিজের জন্য ভাবেন না।
২। ——— প্রবল শক্তির অধিকারী ছিলেন।
৩। বক নামে এক ——— বনে বাস করতো।
৪। ভীম মহাবীর ও ———।

**উত্তরমালা :** ১। পরোপকারী; ২। ভীম; ৩। রাক্ষস; ৪। যোদ্ধা।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক** নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

**প্রশ্ন ১। অন্যের উপকার করাকে কী বলে?**
উত্তর : পরোপকার।

**প্রশ্ন ২। পরোপকারমূলক একটি কাজের নাম বল।**
উত্তর : পড়া বুঝিয়ে দেওয়া।

**প্রশ্ন ৩। তুমি যখন কোনো অসুবিধায় পড় তখন অন্যের কাছে কী আশা কর?**
উত্তর : সাহায্য।

**প্রশ্ন ৪। তোমাদের বইয়ে কার পরোপকারের কাহিনি আছে?**
উত্তর : ভীমের।

**প্রশ্ন ৫। ভীমের পরোপকার কাহিনিতে কোন নগরীর কথা উল্লেখ আছে?**
উত্তর : একচক্রা।

**প্রশ্ন ৬। পরোপকারী ভীমের জন্য কী রক্ষা পেয়েছিল?**
উত্তর : একটি নগর।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক** নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।

**১. যে সবসময় অন্যের কথাই ভাবেন তাকে কী বলে?**
(ক) পরোপকারী (খ) সত্যবাদী
(গ) উদার (ঘ) সহানুভূতিশীল
উত্তর : (ক) পরোপকারী।

**২. মহাভারতের পঞ্চপাণ্ডবের দ্বিতীয় পাণ্ডবের নাম কী?**
(ক) যুধিষ্ঠির (খ) ভীম
(গ) অর্জুন (ঘ) নকুল
উত্তর : (খ) ভীম।

**৩. কৌরব ও পাণ্ডবদের মধ্যে কী নিয়ে ভীষণ শত্রুতা ছিল?**
(ক) ক্ষমতা (খ) ধর্ম
(গ) সম্পত্তি (ঘ) রাজ্য
উত্তর : (ঘ) রাজ্য।

**৪. কাকে মহাবীর ও যোদ্ধা হিসেবে গণ্য করা হয়েছে?**
(ক) ভীম (খ) বক
(গ) দুর্যোধন (ঘ) তাড়কা
উত্তর : (ক) ভীম।

**খ** নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। মহাভারত কী? মহাভারতে কার পরোপকারের কাহিনি বর্ণনা আছে?**
উত্তর : মহাভারত একটি ধর্মগ্রন্থ। মহাভারতে ভীমের পরোপকারের কাহিনি বর্ণনা আছে।

**প্রশ্ন ২। পঞ্চপান্ডবদের দ্বিতীয় পান্ডব কে ছিলেন? তিনি কেমন প্রকৃতির ছিলেন?**
উত্তর : পঞ্চপান্ডবদের দ্বিতীয় পান্ডব ছিলেন ভীম। তিনি পরোপকারী এবং প্রবল শক্তির অধিকারী ছিলেন

**প্রশ্ন ৩। জতুগৃহ কী?**
উত্তর : পান্ডবদের পুড়িয়ে মারার উদ্দেশ্যে নির্মিত গৃহ হলো জতুগৃহ।

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**ক** নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

প্রশ্ন ১।

| | | |
|---|---|---|
| হ | ম | ৎ |

উত্তর : মহৎ।

প্রশ্ন ২।

| | | | |
|---|---|---|---|
| তু | জ | হ | গৃ |

উত্তর : জতুগৃহ।

প্রশ্ন ৩।

| | | | | |
|---|---|---|---|---|
| প | রী | প | কা | রো |

উত্তর : পরোপকারী।

**খ** বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. পরোপকারী সবসময় | পাণ্ডবদের বন্ধু ভাবতেন। |
| ২. যাঁরা পরোপকারী | একশত ভাই ছিলেন। |
| ৩. পঞ্চপাণ্ডবরা | পাণ্ডবদের হিংসা করতেন। |
| ৪. কৌরবেরা | নিজের কথা ভাবেন। |



হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা ৩

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ৫. কৌরবেরা সবসময় | তাঁরা মহৎ হয়। |
| | পাঁচ ভাই ছিলেন। |
| | অন্যের কথা ভাবেন। |

**উত্তরমালা :**

১. পরোপকারী সবসময় অন্যের কথা ভাবেন।
২. যাঁরা পরোপকারী তাঁরা মহৎ হয়।
৩. পঞ্চপান্ডবরা পাঁচ ভাই ছিলেন।
৪. কৌরবেরা একশত ভাই ছিলেন।
৫. কৌরবেরা সবসময় পান্ডবদের হিংসা করতেন।

**নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।**

**প্রশ্ন ১। পরোপকারী ব্যক্তিরা কেমন প্রকৃতির হয়? সংক্ষেপে লেখ।**

**উত্তর :** পরোপকারী ব্যক্তিরা মহৎ হয়। তাঁরা সবসময় অন্যের কথাই ভাবেন। নিজের জন্য ভাবেন না। তাঁরা নিজের কাজের বিনিময়ে কিছু প্রত্যাশা করেন না।

**প্রশ্ন ২। 'বক' কী ছিল? তার প্রাত্যহিক খাবারের তালিকায় কী কী ছিল?**

**উত্তর :** 'বক' ছিল এক রাক্ষস। তার প্রাত্যহিক খাবারের তালিকায় ছিল একজন মানুষ, দুটি মহিষ এবং প্রচুর ভাত। সেই সাথে ছিল মিষ্টি দই।

## তৃতীয় পরিচ্ছেদ : ন্যায়-অন্যায়

### পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** ন্যায়-অন্যায় কাজের একটি তালিকা তৈরি কর।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩১

| ন্যায় কাজ | অন্যায় কাজ |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |

**উত্তর :** কুরুক্ষেত্রের যুদ্ধের গল্পটি পড়ে ন্যায়-অন্যায় কাজের একটি তালিকা তৈরি করা হলো :

| ন্যায় কাজ | অন্যায় কাজ |
|---|---|
| অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করা। | জোরপূর্বক কিছু আদায়ের চেষ্টা করা। |
| প্রতিজ্ঞা রক্ষা করা। | বিশ্বাসঘাতকতা করা। |
| সবাইকে সমান দৃষ্টিতে দেখা | পরনিন্দা ও পরচর্চা করা। |
| প্রকৃত দোষীকে দোষী বলা। | দোষী ব্যক্তিকে নির্দোষ বলা। |

### শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

**কাজ ১** শিক্ষার্থীরা তোমরা জোড়ায় বা দলে ভাগ হবে। একদল ন্যায় কাজের নাম তালিকায় উপস্থাপন করবে। অন্যদল অন্যায় কাজের নাম তালিকায় উপস্থাপন করবে।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা; পাঠ্যবই, পৃষ্ঠা ৩০

**উত্তর :** আমরা শ্রেণিশিক্ষকের নির্দেশমতো দুটি দলে বিভক্ত হয়ে 'গোলাপ' দল ন্যায় কাজের তালিকা এবং 'শাপলা' দল অন্যায় কাজের তালিকা তৈরি করি। নিচে তা উপস্থাপিত হলো–

**দল : গোলাপ**

| ক্রমিক নম্বর | ন্যায় কাজের নাম |
|---|---|
| ১. | খেলার সময় হার-জিত মেনে নেওয়া। |
| ২. | অন্যের মতামতকে সম্মান দেখানো। |
| ৩. | যার জিনিস তাকে দেওয়া। |
| ৪. | কেউ কোনো ভুল করলে তাকে শুধরাতে সাহায্য করা। |
| ৫. | অন্যের সাথে সদাচরণ করা। |

**দল : শাপলা**

| ক্রমিক নম্বর | অন্যায় কাজের নাম |
|---|---|
| ১. | খেলার সময় হার-জিত মেনে না নেওয়া। |
| ২. | অন্যের মতামতকে সম্মান না দেখানো। |
| ৩. | অন্যের জিনিস নিজে নিয়ে নেওয়া। |
| ৪. | কেউ কোনো ভুল করলে তাকে শুধরাতে সাহায্য না করা। |
| ৫. | জোরপূর্বক কাউকে কিছু করতে বাধ্য করা। |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। হস্তিনাপুরের রাজা ছিলেন ধৃতরাষ্ট্র।
২। পাণ্ডবরা লোভী ও স্বার্থপর ছিল।
৩। কৌরবরা ন্যায়পরায়ণ ছিল।
৪। একুশ দিন কুরুক্ষেত্র যুদ্ধ হয়।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। মিথ্যা; ৩। মিথ্যা; ৪। মিথ্যা।

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। যা যথার্থ ও সঠিক তাই ———।
২। যা ঠিক নয় তাই ———।
৩। কৌরবরা লোভী ও ——— ছিল।
৪। পাণ্ডবরা ছিলেন ———।

**উত্তরমালা :** ১। ন্যায়; ২। অন্যায়; ৩। স্বার্থপর; ৪। ন্যায়পরায়ণ।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক** নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

**প্রশ্ন ১। ভালো কাজ করাকে কী বলে?**
**উত্তর :** ন্যায়।

**প্রশ্ন ২। মূল্যবোধের অভাবে কী সৃষ্টি হয়?**
**উত্তর :** নৈতিক অবক্ষয় ও বিশৃঙ্খলা।

**প্রশ্ন ৩। হস্তিনাপুর রাজ্যের রাজা কে ছিলেন?**
**উত্তর :** শান্তনু।

**প্রশ্ন ৪। ধৃতরাষ্ট্রের পুত্রদের কী বলা হতো?**
**উত্তর :** কৌরব।

**প্রশ্ন ৫। কৌরবরা কেমন প্রকৃতির ছিল?**
**উত্তর :** লোভী ও স্বার্থপর।

**প্রশ্ন ৬। পাণ্ডবরা কেমন প্রকৃতির ছিলেন?**
**উত্তর :** ন্যায়পরায়ণ।

**প্রশ্ন ৭। কুরুক্ষেত্রের যুদ্ধ কতদিন স্থায়ী হয়?**
**উত্তর :** আঠারো দিন।

**প্রশ্ন ৮। কুরুক্ষেত্রের যুদ্ধে কারা জয়লাভ করেন?**
**উত্তর :** পাণ্ডবরা।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক** নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।

১। **হস্তিনাপুরের রাজা কে ছিলেন?**
ক) শান্তনু খ) দেবব্রত
গ) দশরথ ঘ) চিত্রাঙ্গদ
**উত্তর : (ক) শান্তনু।**

২। **কৌরব ও পাণ্ডবদের মধ্যে সংঘটিত যুদ্ধের নাম কী?**
ক) বক্সার খ) কুরুক্ষেত্র
গ) পানিপথ ঘ) পলাশী
**উত্তর : (খ) কুরুক্ষেত্র।**

৩। **কুরুক্ষেত্রের যুদ্ধে কারা জয়লাভ করে?**
ক) পাণ্ডবরা খ) কৌরবরা
গ) জৈনরা ঘ) শিখরা
**উত্তর : (ক) পাণ্ডবরা।**

৪। **কুরুক্ষেত্রের যুদ্ধের মাধ্যমে কী প্রতিষ্ঠিত হয়?**
ক) ন্যায় খ) অন্যায়
গ) অরাজকতা ঘ) সহমর্মিতা
**উত্তর : (ক) ন্যায়।**

**খ** নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। মূল্যবোধের অভাবে কী হয়?**
**উত্তর :** মূল্যবোধের অভাবে সমাজে নৈতিক অবক্ষয় ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়।

**প্রশ্ন ২। কাদের কৌরব বলা হতো?**
**উত্তর :** ধৃতরাষ্ট্রের একশত পুত্র ও একজন কন্যা ছিল। এদের কৌরব বলা হতো।

**প্রশ্ন ৩। কাদের পাণ্ডব বলা হতো?**
**উত্তর :** পাণ্ডুর ছিল পাঁচপুত্র। এদের পাণ্ডব বলা হতো।

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**ক** নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

**প্রশ্ন ১।**

| | | |
|---|---|---|
| ণ্ড | পা | ব |

**উত্তর :** পাণ্ডব।

**প্রশ্ন ২।**

| | | | |
|---|---|---|---|
| ত | অ | চি | নু |

**উত্তর :** অনুচিত।

**খ** বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. যা যথার্থ, সঠিক | ন্যায় প্রতিষ্ঠা করা। |
| ২. যা ঠিক নয় | নৈতিক অবক্ষয় ও বিশৃঙ্খলা। |
| ৩. সুস্থ সমাজ গঠনে প্রয়োজন | সমাজের মঙ্গল হয়। |
| ৪. মূল্যবোধের অভাবে সৃষ্টি হয় | নিজের কল্যাণ চিন্তা করা। |
| ৫. মূল্যবোধ চর্চা করল | তাই ন্যায়। |
| | তাই অন্যায়। |
| | সামাজিক শান্তি ও উন্নতি। |

**উত্তরমালা :**

১. যা যথার্থ, সঠিক তাই ন্যায়।
২. যা ঠিক নয় তাই অন্যায়।

৩. সুস্থ সমাজ গঠনে প্রয়োজন ন্যায় প্রতিষ্ঠা করা।
৪. মূল্যবোধের অভাবে সৃষ্টি হয় নৈতিক অবক্ষয় ও বিশৃঙ্খলা।
৫. মূল্যবোধ চর্চা করল সমাজের মঙ্গল হয়।

**গ** নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১।** নৈতিক শিক্ষার প্রয়োজনীয়তা সংক্ষেপে লেখ।

**উত্তর :** ন্যায় প্রতিষ্ঠার জন্য নৈতিক শিক্ষার একান্ত প্রয়োজন। নৈতিক শিক্ষা গ্রহণ করলে ধর্মীয় মূল্যবোধ অর্জিত হয়। ফলে ভালো-মন্দ বিচার করতে পারব। সত্য-মিথ্যা, উচিত-অনুচিত পার্থক্য করতে পারব। কল্যাণ-অকল্যাণ, পাপ-পুণ্য বুঝতে পারব। দোষ-গুণের পার্থক্য করতে পারব।

**প্রশ্ন ২।** কুরুক্ষেত্রের যুদ্ধ সম্পর্কে সংক্ষেপে লেখ।

**উত্তর :** কৌরব ও পাণ্ডবদের মধ্যে রাজ্যের অধিকার নিয়ে ঝগড়া হয়। কৌরবরা সম্পূর্ণ রাজ্য নিতে চাইলেন। তখন তাদের মধ্যে প্রচণ্ড যুদ্ধ হয়। এই যুদ্ধের নাম কুরুক্ষেত্রের যুদ্ধ। আঠারো দিন যুদ্ধ হয় এবং যুদ্ধে পাণ্ডবরা জয় লাভ করেন।

## চতুর্থ পরিচ্ছেদ : সকলের তরে সকলে আমরা

### পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** কার কী সহযোগিতা প্রয়োজন লেখো।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩২

| | |
|---|---|
| ১. যে চোখে দেখে না | |
| ২. যে হাঁটতে পারে না | |
| ৩. যে পড়া বুঝতে পারে না | |

**উত্তর :** কার কী সহযোগিতা প্রয়োজন তা নিচে উপস্থাপন করা হলো :

| | |
|---|---|
| ১. যে চোখে দেখে না | চলাফেরার ক্ষেত্রে চলতে এবং রাস্তা পার হতে সাহায্য করবে এমন বন্ধুদের প্রয়োজন। |
| ২. যে হাঁটতে পারে না | হাঁটতে সাহায্য করবে এমন বন্ধুদের প্রয়োজন। |
| ৩. যে পড়া বুঝতে পারে না | পাঠের বিষয় বুঝতে সাহায্য করবে এমন বন্ধুদের প্রয়োজন। |

**কাজ ২** শুভর গল্পটি অভিনয় করে দেখাও।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৪

**উত্তর :** আমার নাম শিবু। আমরা ৫ জন বন্ধু মিলে পাঠ্যপুস্তকের লেখা শুভর জীবনের গল্প নাট্যাভিনয়ের মাধ্যমে ফুটিয়ে তুলব।

**শুভ (বিশেষ চাহিদাসম্পন্ন ছেলে/বুদ্ধি প্রতিবন্ধী) :** প্রতিবন্ধী বলে তার সাথে কেউ মিশে না এবং সেও কারো সাথে মিশে না।

**শুভর মা :** শুভ তুমি কোথায় বাবা? এই দেখ তোমার জন্য খাবার এনেছি।

শুভ ইশারা দিয়ে বলে এখন সে খাবে না। সে ছবি আঁকায় ব্যস্ত।

[শুভর ইশারার কথা তার মায়েই ভালো বোঝে]

**শুভর মা :** ঠিক আছে বাবা আমি একটু পরে আসি।

[শুভর মা কথাটা বলে অন্য রুমে চলে যায়। এমন সময় পাশের বাসার রিতা এসে পড়ে।]

**প্রতিবেশী (রিতা) :** বৌদি আপনি কোনোকিছু নিয়ে চিন্তা করছেন?

**শুভর মা :** হ্যাঁ রিতা। তুমি তো জানো আমার ছেলে সাধারণের মতো না। এভাবে কতদিন?

**প্রতিবেশী (রিতা) :** কেন বৌদি ওকে স্কুলে ভর্তি করে দিন। স্কুলে গেলে সবার সাথে মিশে থাকলে ওর ভালো লাগবে।

**শুভর মা :** ভালো পরামর্শ দিয়েছ। আমি তবে কালই ওকে নিয়ে স্কুলে ভর্তি করে দিব।

[শুভকে তার মা আগামীকাল স্কুলে ভর্তি করে দিবে জানালে সে খুব খুশি হলেও মন খারাপ হয়।]

**শুভ :** ইশারায় তার মাকে বলে স্কুলের বন্ধুরা তাকে নিয়ে হাসাহাসি করবে।

**শুভর মা :** না বাবা, তোমার বন্ধুরা অনেক ভালো হবে দেখে নিও।

[পরের দিন সকালে শুভর মা তাকে নিয়ে স্কুলে ভর্তি করে দেয় এবং স্কুলের শিক্ষিকা ও প্রধান শিক্ষক তাকে সব বন্ধুদের সাথে পরিচয় করিয়ে দেন এবং বন্ধুরা সবাই প্রথমে ওকে দেখে হাসাহাসি করে।]

**শিক্ষিকা (মিতালী) :** এই হলো তোমাদের বন্ধু। ও সব কথা একটু কম বুঝলেও অনেক মেধাবী।

**প্রধান শিক্ষক (অর্ক) :** শিক্ষার্থীরা, শুভ একটু অন্যরকম হলেও সে কিন্তু খুব মেধাবী। ও খুব ভালো ছবি আঁকতে পারে। তোমরা যদি ওকে সহযোগিতা কর তবে ও আস্তে আস্তে নিজেকে মানিয়ে নিতে পারবে।

**শিক্ষার্থীরা :** হ্যাঁ স্যার। আমরা সবাই ওকে সহযোগিতা করব এবং ওর সাথে খেলব।

**শুভ :** ইশারায় বুঝিয়ে দেয় সে অনেক খুশি। তারপর থেকে শুভর জীবন হাসি আনন্দেই ভরে ওঠে।

**কাজ ৩** যাচাই করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৪

**১. গল্পটি থেকে কী জানলে তা লেখো।**

..........................................................................
..........................................................................
..........................................................................

**উত্তর :** 'শুভ আমার বন্ধু' গল্পটি পড়ে যা জানলাম তা নিচে উপস্থাপন করা হলো :

সবাইকে সমান দৃষ্টিতে দেখতে হবে। মিলেমিশে চলতে হবে। একে অপরকে সহযোগিতা করতে হবে। কাউকে অবহেলা বা হেয় করা যাবে না।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের সাহায্য করতে হবে।
২। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা আলাদা প্রতিষ্ঠানে পড়ালেখা করবে।
৩। শুভ ভালো ফুটবল খেলতে পারত।
৪। শুভ আন্তর্জাতিক পর্যায়ে পুরস্কার পেয়েছিল।

**উত্তরমালা :** ১। সত্য; ২। মিথ্যা; ৩। মিথ্যা; ৪। মিথ্যা।

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। অনেক মানুষ ——— দেখতে পায় না।
২। অনেক মানুষ ——— শুনতে পায় না।
৩। অনেকে ——— বলতে পারে না।
৪। বিশেষ ——— শিশুদের সাহায্য করতে হবে।
৫। শুভর ——— স্বাভাবিকভাবে বাড়েনি।

**উত্তরমালা :** ১। চোখে; ২। কানে; ৩। কথা; ৪। চাহিদাসম্পন্ন; ৫। বুদ্ধি।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক** নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

**প্রশ্ন ১। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের কী প্রয়োজন?**
উত্তর : সহযোগিতা।

**প্রশ্ন ২। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের কী ভাবা যাবে না?**
উত্তর : আলাদা।

**প্রশ্ন ৩। শ্রেণিকক্ষের সবাই আমাদের কী?**
উত্তর : সহপাঠী ও বন্ধু।

**প্রশ্ন ৪। সহপাঠী ও বন্ধুদের কী করা উচিত?**
উত্তর : সহযোগিতা।

**প্রশ্ন ৫। সহপাঠী ও বন্ধুদের কী করা উচিত নয়?**
উত্তর : বিরক্ত।

**প্রশ্ন ৬। শুভকে দেখে ক্লাসের সবাই কী ভেবেছিল?**
উত্তর : পাগল।

**প্রশ্ন ৭। শুভ জাতীয় পর্যায়ে কী পেয়েছিল?**
উত্তর : পুরস্কার।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক** নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।

**১। প্রধান শিক্ষক শুভ ও তার মাকে কোথায় নিয়ে এলেন?**
(ক) বাড়িতে (খ) ক্লাসে
(গ) অফিসে (ঘ) হাসপাতালে
উত্তর : (খ) ক্লাসে।

**২। শুভ কাদের সাহায্যে পড়াশোনা চালিয়ে যেতে লাগল?**
(ক) বন্ধুদের (খ) প্রতিবেশীদের
(গ) বড় ভাইদের (ঘ) মায়ের
উত্তর : (ক) বন্ধুদের।

**৩। কে জাতীয় পর্যায়ে পুরস্কার পেয়েছে?**
(ক) রন্তিবর্মা (খ) শুভ
(গ) পলাশ (ঘ) কিশোর
উত্তর : (খ) শুভ।

**৪। ছবি আঁকার জন্য কে সবার কাছে প্রিয় হয়ে উঠল?**
(ক) শুভ (খ) কিশোর
(গ) প্রবীর (ঘ) পিংকু
উত্তর : (ক) শুভ।

**খ** নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। সকলের তরে সকলে আমরা– এর পরের লাইনটি লেখ।**
উত্তর : প্রত্যেকে আমরা পরের তরে।

**প্রশ্ন ২। শুভ কীভাবে সবার প্রিয় হয়ে উঠল?**
উত্তর : শুভ সুন্দর ছবি আঁকত। তাই অল্পদিনের মধ্যে সবার প্রিয় হয়ে উঠল।

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**ক** ছবিতে কী দেখা যাচ্ছে লেখ।



উত্তর : ছবিতে দেখা যাচ্ছে, হাঁটতে পারে না এমন এক শিক্ষার্থীকে তার সহপাঠী খুশি মনে হুইল চেয়ারে করে শ্রেণিকক্ষে যেতে সহযোগিতা করছে।



উত্তর : ছবিতে দেখা যাচ্ছে, টিফিন ছুটিতে সহপাঠীরা একসাথে খেলাধুলা করছে। বিশেষ চাহিদাসম্পন্ন সহপাঠীও খেলায় অংশগ্রহণ করেছে।

**খ** নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

**প্রশ্ন ১।**

| | | |
|---|---|---|
| ন | আ | ন্দ |

উত্তর : আনন্দ।

**প্রশ্ন ২।**

| | | | |
|---|---|---|---|
| না | ড়া | শো | প |

উত্তর : পড়াশোনা।

**গ** বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. শুভকে দেখে | সহযোগিতা করল। |
| ২. শুভ | জাতীয় পর্যায়ের পুরস্কার। |
| ৩. সহপাঠীরা শুভকে | সবার শত্রু হয়ে উঠল। |
| ৪. শুভ ছবি আঁকার জন্য | অনেকে পাগল ভেবেছিল। |
| ৫. শুভ অর্জন করেছিল | হিংসা করত। |
| | সবার প্রিয় হয়ে উঠল। |
| | একটু দেরিতে বোঝে। |

**উত্তরমালা :**

১. শুভকে দেখে অনেকে পাগল ভেবেছিল।
২. শুভ একটু দেরিতে বোঝে।
৩. সহপাঠীরা শুভকে সহযোগিতা করল।
৪. শুভ ছবি আঁকার জন্য সবার প্রিয় হয়ে উঠল।
৫. শুভ অর্জন করেছিল জাতীয় পর্যায়ের পুরস্কার।

**ঘ** নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১। কাদের বিশেষ চাহিদাসম্পন্ন শিশু বলা হয়? এদের কীসের প্রয়োজন?**

**উত্তর :** যারা চোখে দেখতে পায় না, কানে শুনতে পায় না, কথা বলতে পারে না, হাঁটতে পারে না তাদের বিশেষ চাহিদাসম্পন্ন শিশু বলা হয়। এদের সহযোগিতার প্রয়োজন।

**প্রশ্ন ২। বিশেষ চাহিদাসম্পন্ন সহপাঠীর জন্য কী করা উচিত? সংক্ষেপে লেখ।**

**উত্তর :** বিশেষ চাহিদাসম্পন্ন সহপাঠীকে বন্ধু ভাবতে হবে। তার সাথে ভালোভাবে কথা বলতে হবে। যেকোনো প্রয়োজনে তাকে সহযোগিতা করতে হবে। একসাথে খেলাধুলা করতে হবে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|
| ১। পরোপকার একটি মানবিক গুণ– তা জেনে পরোপকারে আগ্রহী হতে পারা। | | | |
| ২। মানবিক গুণগুলো বুঝতে পেরে কথায় ও কাজে মানবিক হতে আগ্রহী হওয়া। | | | |
| ৩। ন্যায়-অন্যায়ের পার্থক্য জেনে ন্যায়ের পথে চলতে আগ্রহী হতে পারা। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐

**ধারাবাহিক মূল্যায়ন**

সময় : ..............

শিক্ষার্থীর নাম : .......................................... শ্রেণি : .......................................... রোল নম্বর : ☐

১। ছবিতে কী দেখা যাচ্ছে লেখ।



২। নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক. | তা | স | বা | দি | ত্য |
| খ. | হ | ম | স | তা | র্মি |
| গ. | তু | জ | হ | গৃ | |

৩। শূন্যস্থান পূরণ কর।

ক. মহাভারতে পঞ্চপান্ডবের দ্বিতীয় পান্ডব ছিলেন ——।
খ. কৌরবেরা —— ভাই ছিলেন।
গ. পরোপকারী ভীমের জন্য একটি —— রক্ষা পেল।
ঘ. পান্ডবরা ছিলেন ——।

৪। নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর দাও :

ক. কুরুক্ষেত্রের যুদ্ধ সম্পর্কে সংক্ষেপে লেখ।
খ. বিশেষ চাহিদাসম্পন্ন সহপাঠীর জন্য কী করা উচিত? সংক্ষেপে লেখ।

**উত্তরমালা**

১ ▸ ছবিতে দেখা যাচ্ছে, টিফিন ছুটিতে সহপাঠীরা একসাথে খেলাধুলা করছে। বিশেষ চাহিদাসম্পন্ন সহপাঠীও খেলায় অংশগ্রহণ করেছে।
২ ▸ ক. সত্যবাদিতা; খ. সহমর্মিতা; গ. জতুগৃহ।
৩ ▸ ক. ভীম; খ. একশত; গ. নগর; ঘ. ন্যায়পরায়ণ।
৪ ▸ ক. ২৩৬ পৃষ্ঠার ২নং প্রশ্ন ও উত্তর।
খ. ২৩৮ পৃষ্ঠার ২নং প্রশ্ন ও উত্তর।

মূল্যায়ন রিপোর্ট :

শিখনের অর্জিত মাত্রা ☐